



সবাই মিলে শপথ করি  
করোনামুক্ত দেশ গড়ি

THE  
HUNGER  
PROJECT

# উদ্ভাস

দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ খুলনা অঞ্চলের অন-লাইন সাপ্তাহিক  
(সংখ্যা # ০০৫; বর্ষ # ০১; আগস্ট, ২০২০ খ্রী:)

## খুলনা অঞ্চলে বৃক্ষ রোপন কার্যক্রম

খুলনা অঞ্চলের ২৬ টি ইউনিয়নে গত জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহ থেকে বৃক্ষ রোপন কার্যক্রম শুরু করা হয়, এ কর্মসূচী পরিবেশের ভাসাম্য রক্ষা, ২৬ টি ইউনিয়নের প্রত্যেক বাড়িতে বৃক্ষের সমারাহ, প্রয়োজনীয় পুষ্টি, অক্সিজেনের আধিক্য ও আপদ কালীন আর্থিক সহযোগিতায়, সম্পদ হিসেবে ভূমিকা রাখবে। প্রতি বছরের মতো এ অঞ্চলে এবার ও বৃক্ষ রোপন কর্মসূচী গ্রহণ করা হয়েছে, বিশেষ করে মুজিববর্ষ চিহ্নিত করায় দি হাঙ্গার প্রজেক্ট এই কার্যক্রম কে জোরদার করে ও গুরুত্বের সাথে বিবেচনা করে ২৬ টি ইউনিয়নে ইতিমধ্যে প্রায় ২০,০০০(বিশ হাজার) ফলজ ও বনজ বৃক্ষ রোপন করা হয়েছে। এই কাজে ভি.ডি.টি, দি হাঙ্গার প্রজেক্ট এর সহযোগিতা, স্থানীয় স্বেচ্ছা সেবকদের নিজস্ব সংগ্রহের মধ্য দিয়ে বৃক্ষ রোপন করা হয়। উল্লেখযোগ্য বিষয় হচ্ছে, এ বছর দি হাঙ্গার প্রজেক্ট এর স্বেচ্ছাব্রতীরা ১০(দশ) টি গ্রামের প্রতিটি বাড়িতে কামরাঙ্গা, জলপাই, লেবু, জাম্বুরা, আমলকী, পেয়ারা সহ ভিটামিন সি সমৃদ্ধ ফলের গাছ রোপন করে, তারা এর মাধ্যমে ১০ টি গ্রামকে কে “ভিটামিন সি” গ্রাম হিসেবে ঘোষণা প্রদান করেন। এই কার্যক্রম আগামী দুই মাস চলমান থাকবে। এই কার্যক্রম এর মাধ্যমে এসডিজির ১০ ও ১৩ নং গোল অর্জিত হবে ও আগামীর পরিবেশ সংরক্ষনে ভূমিকা রাখবে বলে আমরা মনে করি।



## ভিটামিন সি সমৃদ্ধ গাছের চারা রোপন

বাংলাদেশের সর্ব দক্ষিণে বঙ্গোপসাগর ও বিশ্ব ঐতিহ্য সুন্দরবনের কোল ঘেঁষে বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলার একটি ছোট ইউনিয়ন বেতাগা। এই ইউনিয়নে রয়েছে ১৪টি গ্রাম। যার মধ্যে একটি গ্রাম চাঁদেরচোন, এই গ্রামে রয়েছে ১১৭টি পরিবার, দি হাঙ্গার প্রজেক্টের ২৬ জন প্রশিক্ষিত স্বেচ্ছাসেবী রয়েছে এই গ্রামে। অপর আরও একটি গ্রাম জয়পুর। এ গ্রামে রয়েছে ১২৯টি পরিবার ও ১৯ জন স্বেচ্ছাব্রতী। করোনা ভাইরাস থেকে সুরক্ষা পেতে এ দুটি গ্রামের মানুষ নিয়মিত সাবান দিয়ে হাত ধোয়, মাস্ক ব্যবহার, সামাজিক দূরত্ব বজায় রেখে চলাফেরা করছে। স্বেচ্ছাব্রতী, কৃষি অফিস ও গ্রামের মানুষ একত্রিত হয়ে বৃক্ষরোপন শুরু করেছে। সকলের সিদ্ধান্ত অনুযায়ী করোনা কালীন এ সময়ে ভিটামিন সি সমৃদ্ধ গাছের চারা রোপন করা হবে। এ গ্রাম দুটিতে গত ১৯/০৭/২০২০, ২০/০৭/২০২০ ও ২৬/০৭/২০২০, ২৭/০৭/২০২০ এ দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ কর্তৃক দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ (বাড়ীর আসীনায় সবজি চাষ) প্রদান করা হয়, প্রতিটি প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে বিভিন্ন ধরনের বীজ ও ১টি করে কাগজী লেবুর চারা বিতরণ করা হয়। স্বেচ্ছাব্রতীরা উদ্যোগী হয়ে গ্রামের মানুষকে বর্তমান সময়ে ভিটামিন সি এর উপকারিতা সম্পর্কে ধারণা দিয়েছে। এতে সকল গ্রামবাসী তাদের নিজ নিজ বাড়িতে কাগজী লেবু, জলপাই, আমলকী, আমড়া, কামরাঙ্গার চারা রোপনের কার্যক্রম শুরু করেছে। এ কার্যক্রমের ফলে একদিকে যেমন পরিবেশের ভারসাম্য রক্ষা পাবে অন্যদিকে ভিটামিন সি এর অভাব পূরণ হবে এবং এ গাছের ফল বিক্রয় করে তারা আর্থিক ভাবে লাভবান হবে। বৃক্ষরোপনের এ ধরনের প্রচারাভিযানকে এলাকাবাসী সাধুবাদ জানিয়েছে। বর্তমান সময় পর্যন্ত এ গ্রাম দুটি সহ বেতাগা ইউনিয়নের অন্যান্য গ্রামে ভিটামিন সি যুক্ত প্রায় ৪ হাজার গাছের চারা রোপন করা হয়েছে।



বাড়ীর আসীনায় সবজি চাষ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের মাঝে কাগজী লেবুর গাছের চারা বিতরণ চাঁদেরচোন, (৭নং ওয়ার্ড) সুক্লিয়া মৌজা, বেতাগা, ফকিরহাট, বাগেরহাট

উপদেষ্টামন্ডলি: মাসুদুর রহমান রঞ্জু, রবিউল ইসলাম, সত্যজিৎ দেবনাথ

সম্পাদক: মো: মাহবুব হোসেন

সহযোগীতায়: দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর খুলনা অঞ্চলের কর্মীবৃন্দ

পরিতোষ টাওয়ার, ১০ শের-এ-বাংলা রোড, খুলনা।